

মেয়র আনিসুল হকের মৃত্যুতে স্পিকারের শোক

কালের কণ্ঠ অনলাইন ১ ডিসেম্বর, ২০১৭ ১২:৪৬





ফাইল ছবি

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র আনিসুল হকের মৃত্যুতে জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমীন চৌধুরী গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন।

আরও পড়ুনঃ আনিসুল হকের অকাল মৃত্যুতে খালেদা জিয়ার শোক

আজ শুক্রবার এক শোক বার্তায় স্পিকার বলেন, মেয়র আনিসুল একজন প্রখ্যাত ব্যবসায়ী, সফল শিল্পপতি এবং আধুনিক বিজ্ঞান চিন্তা চেতনার মানুষ ছিলেন। এছাড়াও নাগরিক জীবনের উন্নয়ন ও নগরবাসীর স্বাচ্ছন্দ্যের প্রতি তার প্রখর দৃষ্টি ছিল।

শিরীন শারমীন চৌধুরী মরহুম আনিসুল হক-এর আত্মার শান্তি কামনা ও শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান।

আরও পড়ুনঃ মেয়র আনিসুল হকের মৃত্যুতে রাষ্ট্রপতির শোক

এছাড়াও জাতীয় সংসদের ডেপুটি স্পিকার মো. ফজলে রাব্বী মিয়া এবং চীফ হুইপ আ স ম ফিরোজ ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র সাঈদ খোকন আনিসুল হকের অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশ এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান।

জাতীয়- এর আরো খবর

